গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব ড. উত্তম কুমার দাশ, পরিচালক (প্রশাসন এর অতি: দা:), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ১১ নভেম্বর ২০২১
সময় : দুপুর ১২:০০ ঘটিকা
গুগুলমিট : https://meet.google.com/xxd-vksb-cmr

**আলোচ্য বিষয়:**

১। মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক।
২। বিবিধ।
(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রমগুলোর অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও সভাপতি জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক। | বিভাগীয় উপপরিচালকগণ যথাসময়ে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) ২০২১ অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করায় সভাপতি সকলকে ধন্যবাদ প্রদান করেন। সভায় সকল বিভাগের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদনে বিভিন্ন সূচকের অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করা হয়। বিভাগীয় কার্যালয় সমূহের অগ্রগতির প্রতিবেদনের সাথে প্রমানকগুলো অবশ্যই স্ব- স্ব দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া কার্যক্রমসমূহ নিষ্পন্নের তারিখ অগ্রগতি কলামে উল্লেখ করা হলে প্রতিবেদনগুলো আরো স্বচ্ছ ও বস্তুনিষ্ঠ হবে মর্মে সভায় আলোচনা করা হয়। একই ভাবে ২য় ত্রৈমাসিকের গৃহীত কার্যক্রমগুলো পরিকল্পনা মোতাবেক সঠিক সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য বিভাগীয় উপপরিচালকগণকে অনুরোধ জানান। | আঞ্চলিক/ বিভাগীয় পর্যায়ের কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী সমুদয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়িত কার্যবিবরণীর স্বপক্ষে প্রমানকগুলো স্ব- স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার কাজ অব্যাহত রাখতে হবে। প্রতিবেদনে কার্যক্রম সমাপ্তির তারিখ উল্লেখ করতে হবে। ২য় ত্রৈমাসিকে নির্ধারিত কার্যক্রমগুলো যথাসময়ে সমাপ্ত করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |
| ২ | বিবিধ | বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি, বিভাগীয় উপপরিচালকগণকে স্ব- স্ব দপ্তরের এবং জেলা/উপজেলা পর্যায়ের দপ্তর সমূহের সিটিজেনস্ চার্টার মোতাবেক নাগরিক সেবা, অভ্যন্তরীন সেবা ও দাপ্তরিক সেবাসমূহ প্রদানে অধিক মনোযোগী হতে এবং এ বিষয়ে সতর্কতার সাথে কাজ করতে নির্দেশনা প্রদান করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতি ত্রৈমাসিক সিটিজেনস্ চার্টার হালফিল করে ওয়েবসাইটে আপলোড/ দর্শনীয় জায়গায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ ও তার আলোকে কার্যক্রমসমূহ সম্পাদন করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | স্ব- স্ব দপ্তরের সিটিজেনস্ চার্টার হালফিল করে প্রতি ত্রৈমাসিকে ওয়েবসাইটে আপলোড/ দর্শনীয় জায়গায় প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে এবং সিটিজেনস্ চার্টারের আলোকে কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

16.11.21

ড. উত্তম কুমার দাশ
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও
পরিচালক (প্রশাসন এর অতি: দা:)
ফোন: ০২-৫৫৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)- ২৫০ তারিখ: ০১ অগ্রহায়ন, ১৪২৮
২৮ নভেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা,ঢাকা/ রাজশাহী /খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্রগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল) জেলা।
৪। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)।
৫। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২৮.১১.২০২১
মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন) অতি: দা: